দৈনিক ইনকিলাব

তারিখ SEP 25 2000
পৃষ্ঠা ... কলাম ...

# রমজান মাসের অধিকাংশ দিন শিক্ষা প্রতিষ্ঠান খোলা থাকবে

## *অফিস আদালত চলবে সকাল ৯টা থেকে বিকেল সাড়ে ৩টা পর্যন্ত*

ইনকিলাব রিপোর্ট

পবিত্র মাহে রমজানেও সরকারী বেসরকারী অধিকাংশ শিক্ষা প্রতিষ্ঠান খোলা থাকবে। ক্লাস চলবে। নির্ধারিত পরীক্ষা হবে। প্রশাসনিক কার্যক্রমও চলবে। তবে বেশ কিছু শিক্ষা প্রতিষ্ঠানের সময় সূচীতে রমজান উপলক্ষে কিছুটা পরিবর্তন আনা হয়েছে। যেমনি পরিবর্তন আনা হয়েছে সরকারী, আধা-সরকারী, আধা-স্বায়ত্তশাসিত ও স্বায়ত্তশাসিত অফিসের সময় সূচীতে
মন্ত্রিসভার সিদ্ধান্ত অনুযায়ী এ সব অফি
আদালত রমজান মাসে সকাল ৯টা থেকে
চলবে বিকেল সাড়ে ৩টা পর্যন্ত। মাঝে দুপু
১টা থেকে সোয়া ১টা এই ১৫ মিনি
জোহরের নামাজের জন্য বিরতি থাকবে
মন্ত্রিসভা, শিক্ষামন্ত্রণালয় এমনকি শিক্ষ
অধিদপ্তরের কোন সিদ্ধান্ত না থাকলে
রাজধানীর প্রধান প্রধান শিক্ষ
প্রতিষ্ঠানগুলোর *৫-এর পৃঃ ২-এর কঃ দেখুন*

# রমজান মাসের অধিকাংশ দিন

*১২-এর পৃষ্ঠার পর*

ব্যবস্থাপনা কর্তৃপক্ষ পৃথক পৃথকভাবে স্কুল-কলেজে রমজান মাসের অধিকাংশ দিন ক্লাস চালু রাখার সিদ্ধান্ত নিয়েছে। এমনকি ঢাকা বিশ্ববিদ্যালয়সহ অনেক পাবলিক বিশ্ববিদ্যালয়ও রমজানের প্রথম সপ্তাহ পর্যন্ত একাডেমিক কার্যক্রম অব্যাহত রাখার সিদ্ধান্ত নিয়েছে বলে জানা গেছে।

কেন্দ্রীয় ভাবে সিদ্ধান্ত নিয়ে বেসরকারী শিক্ষক সংগঠনসমূহের কোন কোনটির পক্ষ থেকেও তাদের জেলা উপজেলায় স্কুল-কলেজের প্রধান শিক্ষক ও প্রিন্সিপালদের চিঠি দিয়ে রমজান মাসেও সম্ভাব্য বেশী সময় স্কুল-কলেজের ক্লাস চালু রাখার আহ্বান জানিয়েছে। এ সিদ্ধান্ত রাজধানীর নাম করা ইংলিশ মিডিয়াম স্কুল কলেজ কর্তৃপক্ষেরও। রাজধানীর বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের প্রধান এবং শিক্ষক নেতাদের সাথে আলাপ কালে অধিকাংশই বলেছেন যে, হরতাল, ধর্মঘট, ঘেরাও, অবরোধ তথা রাজনৈতিক অস্থিরতা এবং বেসরকারী শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষক-কর্মচারীদের আন্দোলনের কারণে শিক্ষার্থীদের লেখা পড়ায় যে ক্ষতি হয়েছে তা পুশিয়ে নিতে রমজানের নির্ধারিত ছুটির সময়েও পাঠদান ও পরীক্ষা কার্যক্রম চলবে।

রাজধানীর বিভিন্ন সরকারী বেসরকারী স্কুল-কলেজ কর্তৃপক্ষের সাথে যোগাযোগ করা হলে সরকারী শহীদ তিতুমির কলেজ ৬ অক্টোবর পর্যন্ত খোলা থাকবে। রমজানের ছুটি শুরু হবে ৭ অক্টোবর পর্যন্ত। এ কথা জানিয়েছেন,

ঢাকা সিটি কলেজের প্রিন্সিপাল প্রফেসর মো
হাফিজুর রহমান ১৭ রমজান পর্যন্ত ক্লাস চা
রাখার সিদ্ধান্তের কথা জানিয়েছেন। রমজানে
প্রায় পুরো মাসই ক্লাস চালু থাকবে হলিক্রস
বন্ধ থাকবে না নটরডেম কলেজ। এ কলে
প্রথম বর্ষের শিক্ষার্থীদের ক্লাস চলবে যথারীতি
তবে দ্বিতীয় বর্ষের ক্লাস বন্ধ থাকার ক
জানানো হয়েছে প্রশাসনিক দপ্তর থেকে
ভিকারুননিসা নূন স্কুল এন্ড কলেজ খো
থাকবে ২৮ সেপ্টেম্বর পর্যন্ত। ঢাকা সি
কর্পোরেশন পরিচালিত ঢাকা মহানগর মহি
কলেজে রমজানের ছুটি শুরু হবে ৭ অক্টোব
থেকে। অর্থাৎ ৬ অক্টোবর পর্যন্ত ক্লাস চলবে।
বেসরকারী শিক্ষক-কর্মচারীদের মোর্চা জাতী
শিক্ষক কর্মচারী ফ্রন্ট; শিক্ষক-কর্মচারী ঐ
পরিষদ. শিক্ষক কর্মচারী ঐক্যজোট নেতৃবৃ
শিক্ষক আন্দোলনের ক্ষতি পুশিয়ে নিতে
রমজানের ভেতর শিক্ষা প্রতিষ্ঠান যতটা সম্ভ
খোলার রাখার কথা বলেছেন। শিক্ষক-কর্মচা
ঐক্য পরিষদ নেতা এম এ আউয়াল সিদ্দি
বলেছেন, গুরুত্বপূর্ণ উৎসব/অনুষ্ঠান ছা
রমজানসহ সরকারী সাধারণ ছুটির সময়েও ক্লা
নেয়ার জন্য জেলা উপজেলা পর্যায়ে নেতাদে
কাছে চিঠি পাঠানো হয়েছে। সে অনুযা
রমজান মাসের বেশীর ভাগ দিনে প্রায় সক
বেসরকারী শিক্ষা প্রতিষ্ঠান খোলা থাকবে।
শিক্ষক-কর্মচারী ঐক্য জোটের সভাপতি এব
রাজধানীর মোহাম্মদপুর কেন্দ্রীয় বিশ্ববিদ্যাল
কলেজের প্রিন্সিপাল প্রফেসর এম শরীফু
ইসলাম বলেছেন, আমরা ১৫ রমজান পর্য
ক্লাস চালু রাখার সিদ্ধান্ত নিয়েছি। তবে বা
সময়েও প্রশাসনিক কার্যক্রম চলবে। জাতী
শিক্ষক-কর্মচারী ফ্রন্টের প্রধান সমন্বয়কা
প্রিন্সিপাল কাজী ফারুক আহমেদ বলেছে
আমরা ১৩ রমজান পর্যন্ত ক্লাস চালু রাখা
সিদ্ধান্ত নিয়েছিলাম। কিন্তু, শিক্ষক-কর্মচারী
বলছেন, সরকার ঘোষণা দিয়েও আমাদে
বেতন ভাতা না দিলে কিভাবে স্কুল কলেজ খো
রাখব। ২০ রমজান পর্যন্ত খোলা থাকবে মিরপু
বিশ্ববিদ্যালয় কলেজ। কলেজের প্রিন্সিপা
প্রফেসর ইসহাক হোসেন জানিয়েছেন এ সিদ্ধান্ত